



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



সরকারিভাবে জর্ডান- এর গার্মেন্টস কোম্পানি জিয়া অ্যাপারেল-এ পুরুষ/মহিলা কর্মী নিয়োগ।

স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.১১.০০৩.২২- ২০২২

তারিখ : ১৫.৪.২০২৬ খ্রিস্টাব্দ

বোয়েসেল- এর মাধ্যমে জর্ডানস্থ GIA Apparel কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ/মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্রমিক নং	পদের নাম	লিঙ্গ	পদ সংখ্যা	বয়স (বছর)	বেতন (জর্ডানি দিনার)	শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা	আবেদনের মাধ্যম
০১	প্রোডাকশন সুপারভাইজার (Production Supervisor)	পুরুষ/মহিলা	২৫	২৫- ৩৮	৩৫০	সংশ্লিষ্ট কাজে (গার্মেন্টস ফ্যাক্টরিতে) সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা। (কাজের ভিডিও আবশ্যিক)	অনলাইন।
০২	কোয়ালিটি সুপারভাইজার (Quality Supervisor)	পুরুষ/মহিলা	২৫				অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা চার্জ পরিশোধ করতে হবে

চাকরির শর্তাবলি:

- (১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- (২) দৈনিক ১০ (দশ) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- (৬) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।
- (৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।


বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :

নির্বাচিত কর্মীদের বোয়েসেল- এর সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বিমা এবং ওয়েজ আর্নর্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে। তবে মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। জর্ডানে গমন করার পর প্রার্থীর মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্তৃক কর্মীকে ফেরত প্রদান করা হবে।


সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা)
 - (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ১০ (দশ) সেট রঙিন ফটোকপি
 - (৩) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন
 - (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে)
 - (৫) Bio-data (জীবন বৃত্তান্ত)।
- আগ্রহী প্রার্থীদের নিম্নোল্লিখিত লিংক এর মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ আগামী ১৭ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখ শুক্রবার সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস সালাম মিরপুর, ঢাকা এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ এবং প্রবাস বন্ধু কল সেন্টার : ১৬১৩৫ [টোল ফ্রি] নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

অনলাইনে আগামী ১৬ এপ্রিল, ২০২৬ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময় পরে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।


১৫.৪.২০২৬

অনলাইন আবেদন লিংক: <https://brms.boesl.gov.bd/>


১৫.৪.২০২৬

মোঃ হাবিবুল্লাহ খান
ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা

নু-এমং মারমা মং
উপ-মহাব্যবস্থাপক (বৈ.পি.)
বোয়েসেল, ঢাকা।

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইফটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd